

# Repatriations under the Vande Bharat Mission cross 5 lakhs

July 03, 2020

---

## বন্দে ভারত মিশনে 5 লাখের অধিক সংখ্যায় ভারতীয়দের স্বদেশে প্রত্যাবর্তন

জুলাই 03, 2020

বন্দে ভারত মিশন(ভিবিএম)-এ 5 লাখেরও বেশী ভারতীয় সুরক্ষিতভাবে স্বদেশে ফিরে এসেছেন। বন্দে ভারত মিশন শুরু হয় 7ই মে, 2020 তারিখে এবং দুমাসের কম সময়ের মধ্যে 137 টি দেশ ও দূর প্রান্ত থেকে 5,03,990 সংখ্যক আটকে পরা ভারতীয়রা তাদের বাড়িতে ফিরে এসেছেন। শুরুতে লক্ষ্যমাত্রা ছিল মাত্র দু লাখ আটকে থাকা ভারতীয়, কিন্তু এত বৃহৎ সংখ্যার ভারতীয়দের প্রত্যাবর্তন একটি উল্লেখযোগ্য সফলতা।

2. আটকে পরা ভারতীয়দের মধ্যে সবথেকে বেশী সংখ্যক ছিল কেরলের অধিবাসী (94,085) তারপরে ছিল যথাক্রমে উত্তরে প্রদেশ, তামিল নাড়ু, পশ্চিমবঙ্গ, মহারাষ্ট্র, কর্ণাটক, গুজরাট এবং অন্ধ্রপ্রদেশ-এর অধিবাসী। ভিবিএম-এর উড়োজাহাজ-এ সবথেকে বেশী সংখ্যায় আটকে পরা ভারতীয়রা ফিরেছেন সংযুক্ত আরব আমীরশাহী থেকে (57,305) , তারপরে যথাক্রমে কুয়েত, কাতার, ওমান, সৌদি আরব এবং আমেরিকা থেকে এবং স্থলপথ সীমান্ত চেকপোস্ট পেরিয়ে নেপাল থেকে 91,193 জন ফিরে এসেছেন।

3. ভিবিএম, 860 টি এয়ার ইন্ডিয়া উড়ান; 1256 টি চার্টার্ড উড়ান এবং 8 টি নেভাল জাহাজের-এর বন্দোবস্ত করেছিল। এয়ার ইন্ডিয়া উড়ানে 1,64,121 জন; মালদ্বীপ, ইরান এবং কলম্বো থেকে ভারতীয় নৌবাহিনীর 8 টি জাহাজে 3,987 জন; চার্টার্ড উড়ানে-2,30,832 জন এবং ফরেন কেরিয়ারে-3,969 জন; প্রায় 60 টি এয়ার অ্যান্ডুলেন্সে আটকে পরা ভারতীয় ফিরে এসেছেন এবং 95,220 জন স্থলপথ সীমান্ত চেকপোস্ট দিয়ে প্রতিবেশী দেশগুলি থেকে ফিরে এসেছেন।

4. এই বিশাল কর্মকান্ড, বিদেশে ভারতীয় মিশন, নাগরিক উড়ান মন্ত্রণালয়, গৃহ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং রাজ্য সরকারগুলির সক্রিয় সাহায্য ও সহযোগিতার সাহায্যে সম্পন্ন হয়েছে। এইকর্মকান্ডের সর্বস্তরে মস্ন ভাবে সমন্বয় সাধনকে সুনিশ্চিত করার দায়িত্বে সামনের সারিতে রাজ্য সমন্বয় সাধক রূপে বিদেশ মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিকরা ছিলেন।

নিউ দিল্লি

জুলাই 03, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.